গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
সেগুনবাগিচা, ঢাকা-১০০০।

নম্বর-০৮.০১.০০০০.০০৩.১৫.০০১.১৯-৪৪

তারিখঃ ১৭ শ্রাবণ, ১৪২৬ বঙ্গাব্দ
০১ আগস্ট, ২০১৯ খ্রিস্টাব্দ

## তালিকাভুক্তির বিজ্ঞপ্তি

জাতীয় রাজস্ব বোর্ডের দাপ্তরিক কার্যক্রম সুষ্ঠুভাবে সম্পাদনের লক্ষ্যে প্রয়োজনীয় পণ্য, কার্য ও সেবা সরবরাহের লক্ষ্যে ২০১৯-২০২০ অর্থবছরের জন্য সরবরাহকারী/ঠিকাদার হিসেবে তালিকাভুক্তির নিমিত্ত আগ্রহী ও অভিজ্ঞতাসম্পন্নদের ব্যক্তি/প্রতিষ্ঠানের নিকট থেকে নিজস্ব প্যাডে সীলমোহরযুক্ত ও নির্ধারিত সিডিউলে তালিকাভুক্তির প্রস্তাব আহ্বান করা যাচ্ছে।

| ক্যাটাগরী | বিবরণ | মন্তব্য |
|---|---|---|
| ০১। | যানবাহন মেরামতকারী ও রক্ষণাবেক্ষণকারী প্রতিষ্ঠান/কারখানা/গ্যারেজ | প্রতিটি ক্যাটাগরির জন্য ভিন্ন ভিন্ন প্রস্তাব দাখিল করতে হবে। |
| ০২। | কম্পিউটার ও আইসিটি সামগ্রী সরবরাহকারী ও মেরামতকারী প্রতিষ্ঠান | |
| ০৩। | অফিস সরঞ্জামাদি সরবরাহকারী ও মেরামতকারী প্রতিষ্ঠান | |
| ০৪। | স্টেশনারী সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠান | |
| ০৫। | এসি রক্ষণাবেক্ষণ ও মেরামতকারী প্রতিষ্ঠান | |
| ০৬। | পিএবিএক্স খুচরা যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠান | |
| ০৭। | ইলেকট্রিক ও ইলেক্ট্রনিক্স সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠান | |
| ০৭। | আসবাবপত্র প্রস্তুত/সরবরাহ/মেরামতকারী প্রতিষ্ঠান/কারখানা | |
| ০৮। | এয়ার/বাস সার্ভিস প্রদানকারী প্রতিষ্ঠান/ট্রাভেল এজেন্সি | |
| ০৯। | ডিজাইন ও প্রিন্টিং সেবা সরবরাহকারী প্রতিষ্ঠান/প্রেস | |
| ১০। | ইন্টারনেট সেবা প্রদানকারী/খুচরা সামগ্রী সরবরাহকারী প্রতিষ্ঠান | |
| ১১। | জেনারেটর মেরামতকারী/খুচরা যন্ত্রাংশ সরবরাহকারী প্রতিষ্ঠান | |

০২। আগ্রহী ব্যক্তি/সংস্থা/সংগঠন/কারখানা/প্রতিষ্ঠান/প্রতিষ্ঠান/সেবা প্রদানকারীকে আগামী ০৫/০৯/২০১৯ খ্রিঃ তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে প্রযোজ্য শর্তাবলি সম্বলিত তালিকাভুক্তির আবেদনপত্র নিম্নস্বাক্ষরকারীর দপ্তর হতে প্রতিটি ক্যাটাগরির জন্য নগদ ১,০০০/- (এক হাজার) টাকা (অফেরযোগ্য) মূল্যে ক্রয় করতে হবে। প্রতিটি ক্যাটাগরিতে যোগ্য সরবরাহকারীকে বার্ষিক তালিকাভুক্তির ফি বাবদ ১০,০০০/- (দশ হাজার) টাকা প্রদান করতে হবে। আবেদন/প্রস্তাবসমূহ আগামী ১০/০৯/২০১৯ খ্রিঃ তারিখ বিকাল ০৩.০০ টার মধ্যে নিম্নস্বাক্ষরকারী দপ্তরে রক্ষিত টেন্ডার বক্সে জমা দিতে হবে এবং একই দিন বিকাল ০৩.৩০ টায় আবেদনকারী/প্রস্তাবকারী/সংশ্লিষ্ট প্রতিনিধিদের উপস্থিতিতে (যদি কোন প্রতিষ্ঠানের প্রতিনিধি উপস্থিত থাকেন) দরপত্র/টেন্ডার বক্স খোলা হবে। কর্তৃপক্ষ তালিকাভুক্তির যে কোন শর্ত পরিবর্তন/পরিবর্ধন/পরিমার্জন/সংশোধন করতে পারবে এবং কোন কারণ দর্শানো ব্যতিরেকে যে কোন সম্পূর্ণ বা আংশিক আবেদন/প্রস্তাব গ্রহণ বা বাতিলের সার্বিক ক্ষমতা সংরক্ষণ করে। তালিকাভুক্তির ক্ষেত্রে প্রযোজ্য সরকারি আইন ও বিধি-বিধান যথাযথভাবে অনুসরণ করা হবে।

(মোঃ নূরুল আমীন)
দ্বিতীয় সচিব (বোর্ড প্রশাসন-৩)
ফোনঃ ৯৩৫৪৩২৪।